

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭৪১

৮/ সাওম (রোজা) (্রাজা) (১ইটা নাড্রান্ত এটা নাড্রান্ত প্র

পরিচ্ছেদঃ কেবল জুমু'আ বারের সিয়াম পালন মাকরহ।

باب مَا جَاءَ فِي كَرَاهِيَةِ صَوْم يَوْم الْجُمُعَةِ وَحْدَهُ

আরবী

حَدَّثَنَا هَنَّادُ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنِ الأَعْمَشِ، عَنْ أَبِي صَالِحٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم "لا يَصُومُ أَحَدُكُمْ يَوْمَ الْجُمُعَةِ إِلاَّ أَنْ يَصُومَ قَبْلَهُ أَوْ يَصُومَ بَعْدَهُ ". قَالَ وَفِي الْبَابِ عَنْ عَلِي وَجَابِرٍ وَجُنَادَةَ الأَزْدِي وَجُويْرِيَةَ وَأَنسٍ وَعَبْدِ يَصُومَ بَعْدَهُ ". قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي هُرَيْرَةَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى اللَّهِ بْنِ عَمْرٍ و. قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي هُرَيْرَةَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ يَكْرَهُونَ لِلرَّجُلِ أَنْ يَخْتَصَّ يَوْمَ الْجُمُعَةِ بِصِيامٍ لاَ يَصُومُ قَبْلَهُ وَلاَ بَعْدَهُ . وَبِهِ يَقُولُ أَحْمَدُ وَإِسْحَاقُ .

বাংলা

৭৪১. হান্নাদ (রহঃ) আবৃ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ বলেছেন, আগের দিন বা পরের দিন রোযা না রেখে তোমাদের কেউ যেন কেবল জুমুআর দিনের সিয়াম পালন না করে। - ইবনু মাজাহ ১৭২৩, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৭৪৩ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আলী, জাবির, জুনাদা আল-আযদী, জুওয়ায়রা, আনাস এবং আবদুল্লাহ ইবনু আমর (রাঃ) থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) আবূ হুরায়রা (রাঃ) বর্ণিত এই হাদিসটি হাসান সহীহ। এই হাদীস অনুসারে আলিমগণের আমল রয়েছে। তাঁরা আগের দিনে বা পরের দিনের সিয়াম শামিল না করে কেবল জুম'আ বারের সিয়াম পালন মাকরুহ বলে মনে করেন। এ হল ইমাম আহমাদ ও ইসহাক (রহঃ) এর বক্তব্য।

English

Abu Hurairah narrated that:

the Messenger of Allah said: "None of you should fast on Friday unless he fasts before it, or he fasts after it."



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন